কটাক্ষ দিলীপের

নিজস্ব সংবাদদাতা

গত ৫০ বছর ধরে যে সরকারগুলি ছিল, তাদের কারণেই বেশির ভাগ রাজ্য সরকারি কর্মীর মানুষের জন্য কাজ করার মানসিকতা নেই— মন্তব্য করলেন পঞ্চায়েতমন্ত্রী দিলীপ ঘোষ। সোমবার বণিকসভা ক্যালকাটা চেম্বারের অনুষ্ঠানে তাঁর দাবি, কাজ না করার অভ্যাস বদলাতে সময় লাগলেও, তা বদলাবে। তার পরে মানুষ বুঝবেন সরকার কী করছে। রাজ্যের এই মন্ত্রীর কথায়, "এত বছরের পাপ ধুতে সময় লাগে বলেই উন্নতি চোখে দেখা যাচ্ছে না। মানসিকতা বদলাতে হবে কর্মীদের। আগে সরকারি দফতরে আমজনতার প্রবেশাধিকার ছিল না। সহায়তা মিলত না। মানুষ এখন সরকারি দফতরে গিয়ে খোঁজ নিচ্ছেন।"

এ দিন রাজ্যের মানুষের আর্থিক ভাবে স্বাবলম্বী হওয়াতেও জোর দেন তিনি। বলেন, "লক্ষ্মীর ভান্ডারের মতো টাকা হাতে দিয়ে কত দিন চলবে? এমন রাজনীতি ২/৪ বছর চলতে পারে। তার পরে? তাই রাজ্যবাসীর আয়ের পথ খুলে দিতে হবে। যাতে তিনি রোজগার করতে পারেন।" পশ্চিমবঙ্গের বহু মহিলা অন্নপূর্ণা ভান্ডারের টাকা পাচ্ছেন না বলে অভিযোগ উঠেছে। ক্ষোভের মুখে পড়েছে বিজেপি সরকার। এই পরিস্থিতিতে দিলীপের বক্তব্য তাৎপর্যপূর্ণ বার্তা বলেই মত সংশ্লিষ্ট মহলের।